দৈনিক ইত্তেফাক

২৮

তারিখ ... APR. 0 2 2006 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

# বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

আমাদের দেশের মাধ্যমিক বিদ্যালয়গুলির মধ্যে হাতে গোনা কয়েকটি সরকারী আর বাকি সব বেসরকারী। এই বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগপ্রাপ্ত হইয়া থাকেন বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি ও প্রধান শিক্ষক কর্তৃক। যদিও বাহিরের দুই-একজন প্রতিনিধি উপস্থিতি থাকেন। তথাপি তাঁহাদের মতামতকে তেমন গুরুত্ব দেওয়া হয় না। ফলে প্রায়শই এই ধরনের নিয়োগের ক্ষেত্রে স্বজনপ্রীতির অভিযোগ ওঠে। আবার অনেক সময় মোটা অঙ্কের ডোনেশনও গ্রহণ করা হয়। এমনও দেখা যায় যে, পূর্বে নিয়োগ প্রাপ্তকে বৈধকরণের জন্য পরবর্তী পর্যায়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়া দায় সারা হয়। এইসব কারণে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলি উপযুক্ত শিক্ষক পাইতেছে না। দৈনিক পত্রিকায় শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞাপন দিয়া একশত/দুইশত টাকার ব্যাংক ড্রাফটসহ দরখাস্ত আহ্বান করা হয়। তাহাতে বিদ্যালয় কর্তৃপক্ষ লাভবান হইলেও দরখাস্তকারী প্রার্থিগণ এক প্রকার প্রতারণার শিকার হন। আর উপযুক্ত শিক্ষকের সান্নিধ্য হইতে বঞ্চিত হয় ছাত্র-ছাত্রীগণ। আর তাই বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য সরকারী পর্যায়ে সুনির্দিষ্ট বোর্ড গঠনের বিষয়টি বিবেচনার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ সফিকুজ্জামান মুজিব
১০/৭, সায়েদাবাদ, ঢাকা-১১০০